

বাংলাদেশ



গেজেট

[১৪৬৫, খণ্ড ৫৫]

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১১, ২০০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

মুদ্রণ ও প্রকাশনা শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০২ জুন ২০০৯

নং ৪০(আঃমঃ) (মুঃপ্রঃ)-আইন-অনুবাদ-০১/০৯(অংশ-৪)—সরকার, কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রিপরিষদের বিগত ৩-৭-২০০০ ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত The Legal Representation Suits Act, 1855 (১৮৫৫ সনের ১২ নং আইন) এর নিম্নরূপ বঙ্গানুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

মোঃ আনোয়ার হোসেন
সহকারী সচিব।

(৫০৭৩)
মূল্য : টাকা ২.০০

[ইংরেজীতে প্রণীত এবং জানুয়ারি, ২০০৭ পর্যন্ত সংশোধিত আইনের অনূদিত বাংলা পাঠ]

বৈধ প্রতিনিধি মামলা আইন, ১৮৫৫

(১৮৫৫ সনের ১২ নং আইন)

[২৭ মার্চ, ১৮৫৫]

কতিপয় অন্যায়ের বিরুদ্ধে প্রতিকারলাভের উদ্দেশ্যে নির্বাহক, প্রশাসক বা প্রতিনিধিগণের পক্ষে বা বিপক্ষে মামলা দায়েরের ক্ষমতা প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু কতিপয় অন্যায়ের বিরুদ্ধে প্রতিকারলাভের উদ্দেশ্যে নির্বাহক, প্রশাসক বা প্রতিনিধিগণের পক্ষে বা বিপক্ষে মামলা দায়েরের উদ্দেশ্যে, যাহা বিদ্যমান আইন অনুসারে, উক্ত নির্বাহক, প্রশাসক বা প্রতিনিধিগণের পক্ষে বা বিপক্ষে মামলা পরিচালনার জন্য কার্যকর নহে, বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। মৃতব্যক্তির জীবদ্দশায় নির্বাহক, প্রশাসক বা প্রতিনিধিগণের পক্ষে বা বিপক্ষে মামলা পরিচালনা সংক্রান্ত বিধান।—মৃতব্যক্তির জীবদ্দশায় তাহার ভূসম্পত্তির আর্থিক ক্ষতি হইয়াছে এইরূপ কোন অন্যায়ের বিরুদ্ধে, নির্বাহক, প্রশাসক বা মৃতব্যক্তির প্রতিনিধি মামলা করিতে পারিবেন, যে অন্যায়ের ফলে মৃতব্যক্তির সম্পত্তির আর্থিক ক্ষতি হইয়াছে এবং যাহার জন্য তৎকর্তৃক মামলা করা যাইত, যদি উক্ত অন্যায় তাহার মৃত্যুর এক বৎসর পূর্বে সংঘটিত হইত; এবং উক্ত ক্ষতি উদ্ধার হইয়া থাকিলে, উহা মৃত ব্যক্তির ব্যক্তিগত ভূসম্পত্তির অংশ হইবে; এবং

মৃতব্যক্তির জীবদ্দশায় তৎকর্তৃক সংঘটিত অন্যায়ের কারণে, যদি উক্ত অন্যায় তাহার মৃত্যুর এক বৎসর পূর্বে সংঘটিত হইত, মৃতব্যক্তি বা তাহার নির্বাহক, প্রশাসক বা উত্তরাধিকারী বা প্রতিনিধির বিরুদ্ধে মামলা করা যাইবে, এবং অনুরূপ মামলা হইতে উদ্ধারযোগ্য অর্থ, যদি নির্বাহক, প্রশাসকের নিকট হইতে উদ্ধার করা হয়, তাহা হইলে, নির্বাহক এবং প্রশাসক ইংলিশ আইন (English Law) অনুসারে উহা কার্যকর করিতে বাধ্য থাকিতেন, উহা উক্ত ব্যক্তির সহিত সম্পাদিত সাধারণ চুক্তির দ্বারা গৃহীত ঋণের ন্যায় পরিশোধযোগ্য হইবে।

২। কোন পক্ষের মৃত্যুতে মামলা দায়েরের ক্ষমতা বাতিল না হওয়া।—এই আইনের অধীন সূচিত কোন মামলা কোন পক্ষের মৃত্যুর কারণে বাতিল হইবে না, বরং উক্ত মামলা নির্বাহক, প্রশাসক বা মৃতব্যক্তির প্রতিনিধির পক্ষে বা বিপক্ষে অব্যাহত থাকিবে : তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে অনুরূপ মামলা কোন নির্বাহক, প্রশাসক বা মৃতব্যক্তির উত্তরাধিকারী বা প্রতিনিধি বিপক্ষে বহাল থাকে, সেইক্ষেত্রে নির্বাহক, প্রশাসক বা মৃতব্যক্তির উত্তরাধিকারী বা প্রতিনিধি উক্ত মামলার বিরুদ্ধে আত্মপক্ষ সমর্থনের জন্য, সম্পূর্ণভাবে বা আংশিকভাবে, সম্পত্তির অপ্রতুলতার বিষয়টি উত্থাপন করিতে পারিবেন, যেন উক্ত মামলা প্রকৃতপক্ষে তাহাদের বিরুদ্ধে করা হইয়াছে।

মোঃ আবুল কাসেম, অতিঃ নিয়ন্ত্রক, অতিরিক্ত দায়িত্বে, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ মজিবুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd